

বাংলা (BENGALI)
৩০৩ (303)
শিক্ষককৃত মূল্যায়ন পত্র
Tutor Marked Assignment

পূর্ণমান : 20

[দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমান - এর নির্দেশক]

নির্দেশিকা : ক) প্রতিটি প্রশ্ন আবশ্যিক।

খ) উত্তরপত্রের প্রথম পৃষ্ঠার উপরের দিকে নিজের নাম, তালিকাভুক্তি সংখ্যা (এনরোলমেন্ট নম্বর), পাঠকেন্দ্রের (AI) নাম ও বিষয় স্পষ্টভাবে লিখুন।

1. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর 40 - 60 শব্দের মধ্যে লিখতে হবে)। (2)

ক) “সে - সময়ে গালিলিয়র ওই রকম যন্ত্র আবিষ্কারের প্রায় কৃতকার্য হয়েছিলেন।”

আলোচ্য উক্তিটিতে ‘সে - সময়ে’ বলতে কোন সময়ের কথা বলা হয়েছে? ‘ওই রকম যন্ত্র’ বলতে কোন ধরনের যন্ত্রের কথা এখানে উল্লেখ করা হয়েছে?

(পাঠ ০৭ দেখুন)

খ) ‘শিলাইদহ থেকে’ নামক গদ্যাংশটিতে চিঠি লেখার নির্দিষ্ট তারিখ কি ছিল? পত্রলেখক রোদ্দুর কি দিয়ে তুলে নেওয়া হয়েছে বলে আপনি মনে করেন?

(পাঠ ০৯ দেখুন)

2. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর 40 - 60 শব্দের মধ্যে লিখতে হবে)। (2)

ক) ‘কাশীরাম দাস’ কবিতাটি কার রচিত?

কবিতাটিতে সংস্কৃত হ্রদের সঙ্গে কিসের তুলনা করা হয়েছে?

(পাঠ ০৪ দেখুন)

খ) ‘এই পৃথিবীতে এক স্থান আছে’ কবিতায় ‘বারুণী’ কোথায় থাকে? ‘বারুণী’ কাদেরকে জল দান করে?

(পাঠ ১৬ দেখুন)

3. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর 40 - 60 শব্দের মধ্যে লিখতে হবে) | (2)

ক) “এদের ভাষা কাব্যময় ব্রজবুলি”

‘এদের’ বলতে কাদের কথা বলা হয়েছে ?

‘ব্রজবুলি’ শব্দটির অর্থ বুঝিয়ে দিন ।

(পাঠ ২৪ দেখুন)

খ) ‘শিল্পী’ গল্পের ভূবন চরিত্রটি সংক্ষেপে ব্যাখ্যা করুন ।

(পাঠ ২১ দেখুন)

4. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর 100 - 150 শব্দের মধ্যে লিখতে হবে) | (4)

ক) ভৌগোলিক অবস্থান, স্থানের বৈশিষ্ট্য এবং পর্যটকদের বিশেষ আকর্ষণ অনুযায়ী পর্যটনকে কতগুলি এবং কি কি ভাগে বিভক্ত করা যেতে পারে ?

(পাঠ ৩৩ ক) দেখুন)

খ) যে সব মাধ্যমে গণজ্ঞাপনের কাজ চলে সেগুলির সংক্ষিপ্ত বিবরণ দিন ।

(পাঠ ৩৩ খ) দেখুন)

5. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর 100 - 150 শব্দের মধ্যে লিখতে হবে) | (4)

ক) উষ্ণ বিশ্বায়নের ফলে প্রতিদিন নতুন নতুন রোগব্যাদি এবং ভাইরাসের আক্রমণে মানবজীবন জর্জরিত হয়ে চলেছে । এ বিষয় সম্পর্কে এলাকার পৌরপ্রধানকে কিছু পদক্ষেপ গ্রহণের অনুপ্রেরণা প্রদান ও প্রয়োজনে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে একটি চিঠি লিখুন ।

(পাঠ ২৫ দেখুন)

খ) কোনটি কোন শ্রেণীর শব্দ নির্বাচন করুন । (যে কোনো চারটি)

কুৎসিত, কবরেজ, চাঁদ, কিন্ডারগার্ডেন, নৌবহর

(পাঠ ১২ দেখুন)

6. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর 500 শব্দের মধ্যে লিখতে হবে) । (6)

ক) নিচে ঠাকুর পরিবারের একটি সংক্ষিপ্ত পরিচয় দেওয়া হল । এই তথ্যাদি অবলম্বনে একটা বংশতালিকা প্রস্তুত করুন ।

দ্বারকানাথ ও দিগম্বরীর পাঁচ পুত্রসন্তান ছিল । দেবেন্দ্রনাথ, নরেন্দ্রনাথ, গিরীন্দ্রনাথ, ভূপেন্দ্রনাথ ও নগেন্দ্রনাথ । দেবেন্দ্রনাথ ও সারদা দেবীর মোট চৌদ্দটি সন্তান - সন্ততি । দ্বিজেন্দ্রনাথ, সত্যেন্দ্রনাথ, হেমেন্দ্রনাথ, বীরেন্দ্রনাথ, সৌদামিনী, জ্যোতিরিন্দ্রনাথ, সুকুমারী, পুণ্যেন্দ্রনাথ শরৎকুমারী, স্বর্ণকুমারী, বর্ণকুমারী, সোমেন্দ্রনাথ, রবীন্দ্রনাথ ও বুধেন্দ্রনাথ ।

(পাঠ ২৯ দেখুন)

খ) নিচের পাঠটি পড়ে প্রশ্নগুলির যথাযথ উত্তর দিন ।

মাঘ মাস ১৩২৬ সাল । এইমাত্র আরমানি গির্জার ঘড়িতে বেলা এগারোটা বাজিয়াছে । শ্যামবাবু চামড়ার ব্যাগ হাতে ঝুলাইয়া জুডাস লেনের একটি তেতলা বাড়িতে প্রবেশ করলেন । বাড়িটি বহু পুরাতন, ক্রমাগত চুন ও রঙের প্রলেপে লোলচর্ম কলপিত কেশ বৃদ্ধের দশা প্রাপ্ত হইয়াছে । নিচের তলায় অন্ধকারময় মালের গুদাম । উপর তলায় সম্মুখভাগে অনেকগুলি ব্যবসায়ীর অফিস পশ্চাতে বিভিন্ন জাতীয় কয়েকটি পরিবার পৃথক পৃথক অংশে বাস করেন । প্রবেশদ্বারের সম্মুখেই তেতলা পর্যন্ত বিস্তৃত কাঠের সিঁড়ি । সিঁড়ির পাশের দেওয়াল আগাগোড়া তাম্বুলরাগচর্চিত যদিও নিষেধের নোটিশ লম্বিত আছে । কতিপয় নেংটে হুঁদুর ও আরশোলা পরস্পর অহিংসভাবে স্বচ্ছন্দে ইতস্তত বিচরণ করিতেছে । ইহারা আশ্রম মৃগের ন্যায় নিঃশঙ্ক সিঁড়ির যাত্রীগণকে গ্রাহ্য করে না । অন্তরালবর্তী সিঁদ্বী পরিবারের রান্নাঘর হইতে নির্গত হিং এর তীব্র গন্ধের সহিত নর্দমার গন্ধ মিলিত হইয়া সমস্ত স্থান আমোদিত করিয়াছে । আপিস সমূহের মালিকগণ তুচ্ছ বিষয়, নির্লিপ্ত থাকিয়া কেনা - বেচা তেজি - মন্দি আদায় - উসুল ইত্যাদি মহৎ ব্যাপারে ব্যতিব্যস্ত হইয়া দিন যাপন করিতেছেন ।

শ্যামবাবুর বয়স পঞ্চাশের কাছাকাছি, গাঢ় শ্যামবর্ণ, কাঁচাপাকা দাড়ি, আকণ্ঠলম্বিত কেশ, স্থূল লোমশ বপু । ই বি রেলওয়ে অডিট অফিসের চাকরি তাহার জীবিকা নির্বাহের প্রধান উপায় । দেশে কিছু দেবতার সম্পত্তি এবং একটি জীর্ণ কালীমন্দির আছে, কিন্তু তাঁহার আয় সামান্য । চাকরির

অবকাশে ব্যবসায়ের চেষ্টা করেন - এ বিষয়ে তাঁহার শ্যালক বিপিনই প্রধান সহায় । সম্প্রতি ৬ মাসের ছুটি লইয়া নূতন উদ্দমে ব্রহ্মচারী এন্ড ব্রাদার ইন ল নামে আপিস প্রতিষ্ঠা করিয়াছেন । এই কারবারের স্বত্বাধিকারী স্বয়ং শ্যামবাবু (শ্যামলাল গাঙ্গুলী) এবং তাঁহার শ্যালক বিপিন চৌধুরী বি এস -সি ।

অ) শ্যামলাল বাবুর কোম্পানির নাম কি ?

আ) বিপিন বাবু কোন ডিগ্রী অর্জন করেছিলেন ?

ই) শ্যামলাল বাবুর ব্যবসা সংক্রান্ত অফিস ঘরটি কোন রাস্তায় অবস্থিত ছিল ?

ঈ) আলোচ্য অংশে কত রকমের গন্ধের কথা বলা হয়েছে ?

উ) কোন কোন প্রাণীর নাম পাঠাংশটিতে পাওয়া যায় তা উল্লেখ করুন ?

(পাঠ ৩০ দেখুন)